গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান

ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com



স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০৩.১১.১২৬.২৩. ১২৫৩

তারিখ ঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের ৩৩.০০.০০০০.১২৬.৯৯.০১৫.২৪(অংশ)-১০২ নং স্মারক এবং মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা ঢাকার ২৭/১০/২০২৫ তারিখের ৩৩.০২.০০০০.১০৩.২৮.৪৮৭.৯১-৭৭০ নং স্মারকমূলে প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে বান্দরবান পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত মৎস্য বিভাগের জেলা মৎস্য অফিসারের কার্যালয় ও মৎস্য বীজ উৎপাদন খামারের জন্য নিম্নোক্ত শূন্যপদে জনবল নিয়েগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১টি | ১৬তম<br>৯,৩০০-২২,৪৯০ | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ এবং<br>(ঘ) তফসিল ২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | জেলা মৎস্য অফিসারের কার্যালয়, বান্দরবান। |
| ০২ | অফিস সহায়ক | ০১টি | ২০তম<br>৮,২৫০-২০,০১০ | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৩ | ক্ষেত্র সহকারী | ০১টি | ১৬তম<br>৯,৩০০-২২,৪৯০ | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ; এবং যেসব প্রার্থীর জীব বিজ্ঞান রয়েছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | মৎস্য বীজ উৎপাদন খামার, বান্দরবান। |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১টি | ১৬তম<br>৯,৩০০-২২,৪৯০ | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি পরীক্ষায় প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ এবং<br>(ঘ) তফসিল ২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫ | অফিস সহায়ক | ০১টি | ২০তম<br>৮,২৫০-২০,০১০ | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |

উল্লেখ্য পরিষদের স্মারক নং: ২৯.৩৫.০৩০০.০০৩.১১.১২৬.২৩.৪০৯, তারিখ: ০৪-০৩-২০২৫ মূলে জারীকৃত পুন:নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লেখিত পদসমুহে আবেদন করেছেন তাদের পুন:রায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের আবেদন বিবেচ্য বলে গণ্য হবে।

## শর্তাবলী:-

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাইট: **www.bhdc.gov.bd**-তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায়" **অনলাইন চাকরি আবেদন**" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে online এর মাধ্যমে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ২৪-০৯-২৬খ্রি: বিকাল ০৫.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন দাখিল শুরুর তারিখ ২৬-০৮-২৬খ্রিঃ। অনলাইন ব্যতীত লিখিত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১.১। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজে রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel /5×5 সে:মি: এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

১.২। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID -সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

১.৩। আবেদন Submit করার ৭২ ঘন্টার মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের ১-২নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা, ৩নং ক্রমিকের পদের জন্য পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং **অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীগণ সকল গ্রেডের** জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা (অফেরৎযোগ্য) নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। যথাযথ নিয়মে পরীক্ষার ফি জমা দেয়া না হলে কোন অবস্থাতেই আবেদনপত্র গৃহীত হবে না। NID ও Mobile number দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে আবেদন পর পুনঃরুদ্ধার করতে পারবে।

চলমান পাতা - ০২

১.৪। বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রদানের প্রক্রিয়া:

১ম ধাপ: **www.bhdc.gov.bd**-তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় " **অনলাইন চাকরি আবেদন** " অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে পেইজের ফি পেমেন্ট অপশনে গিয়ে আপনার আবেদন নং দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন।

২য় ধাপ: মোবাইল (বিকাশ) নম্বর দিন।

৩য় ধাপ: মোবাইল (বিকাশ) নম্বরে প্রাপ্ত ভেরিফিকেশন নম্বর দিন।

৪র্থ ধাপ: আপনার বিকাশ পিন দিন এবং কনফার্ম করুন।

বিকাশ থেকে প্রাপ্ত SMS টি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

০২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

০৩। অসত্য/ভূঁয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভূঁয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভূঁয়া তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া আবেদনে নিজ জেলা, থানা/উপজেলা/লিঙ্গ ভুল করলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৮ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত অধ্যাদেশ নং ১১/২০২৪ খ্রি. মোতাবেক প্রার্থীর বয়সসীমা ১৪-০৭-২৬ খ্রিস্টাব্দে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৫। অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদপত্রাদি (মূলকপি এবং একসেট সত্যায়িত ফটোকপি) দাখিল করতে হবে ঃ

(ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩(তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) পৌরসভা/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (ঙ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সার্টিফিকেট (চ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র এবং (জ) জন্ম নিবন্ধন সনদ।

**বি: দ্রষ্টব্য:** সকল সনদপত্র (ফটোকপি) অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা(৯ম/তদুর্দ্ধ গ্রেডের গেজেটেড কর্মকর্তা) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।

০৮। আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ে যাদের আবেদপত্র সঠিক বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাসময়ে এডমিট কার্ড ডাউনলোড করার লক্ষ্যে মোবাইল মেসেজ দেয়া হবে। তাই প্রার্থীগণকে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। অত:পর সংশ্লিষ্ট প্রার্থীগণকে Application ID ব্যবহার করে নিজ উদ্যোগে স্ব-স্ব এডমিট কার্ড ডাউনলোড/রঙিন কপি প্রিন্ট করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯। লিখিত পরীক্ষার তারিখ ও সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে। লিখিত বা মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। নিয়োগ প্রক্রিয়ায় কোনো ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

( অধ্যাপক থানজামা লুসাই )
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০তম গ্রেডভুক্ত) কর্মচারী নিয়োগ কমিটি
জেলা মৎস্য বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০৩.১১.১২৬.২৩. ১২৫৩

তারিখ ঃ ২৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

০১। মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। মাননীয় প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি

০৪। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

চলমান পাতা - ০৩

০৫। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

০৭। পরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

০৮। পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা

০৯। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা

১০। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা

১১। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ

১২। জনাব ................................................................, সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১৩। নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১৪। ..........................................................................................

১৫। উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা

১৬। প্রশাসক, বান্দরবান পৌরসভা/ লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা

১৭। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১৮। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৯। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক প্রথম আলো/ দৈনিক কর্ণফুলী ...... বিজ্ঞপ্তির অনুলিপি অংশবাদে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২(দুই) টি কপি এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার অনুরোধসহ)। (৩ কলামে ১০ ইঞ্চি সাইজে)

২০। অফিস কপি/ নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

জেলা মৎস্য কর্মকর্তা
জেলা মৎস্য অফিস, বান্দরবান
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০তম গ্রেডভুক্ত) কর্মচারী নিয়োগ কমিটি
জেলা মৎস্য বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা